দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 3

74

১৫

# দাউদকান্দিতে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে

দাউদকান্দি (কুমিল্লা), ৮ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— দাউদকান্দি উপজেলার প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। বিদ্যালয় গৃহের অভাব, শিক্ষক স্বল্পতা ও আসবাবপত্রের অভাবই এর মূল কারণ।

উপজেলায় ১৭৩টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে উজিয়ারা, ভাওর খোলা উত্তর, ধনেশ্বর, ক্ষিরাচক এবং কল্যাণপুরে ৫টি বিদ্যালয় গৃহ নিশ্চিহ্ন হয়ে গেছে। এখানে বিদ্যালয় আছে বলে মনে হয় না। প্রয়োজনের তুলনায় অল্প সংখ্যক শিক্ষক গাছ তলায় রোদ বৃষ্টির মধ্যে বছরের পর বছর ক্লাস চালিয়ে যাচ্ছে। এছাড়া আরো ২০।২৫টি বিদ্যালয় গৃহ জীর্ণশীর্ণ অবস্থায় কোন রকমে দাঁড়িয়ে আছে। বহু পাকা দালানের ছাদ ফেটে আছে। খসে পড়ছে ইট, বালি। জীবনের ঝুঁকি নিয়ে লেখাপড়া করছে ছাত্রছাত্রীরা। এর মধ্যে কাশিপুর, গয়েশপুর, কলাকান্দি-চর রাজাপুর উল্লেখযোগ্য।

উপজেলায় শিক্ষক শূন্যতা প্রকট। চাহিদা মত শিক্ষক নেই। ৫০টি পদ শূন্য থাকায় প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে। কর্মরত শিক্ষকদের মধ্যে অনেকেই কর্তব্য কাজে অবহেলা করছে বলে অভিযোগ পাওয়া গেছে।

সম্প্রতি উপজেলা শিক্ষা কর্মকর্তা কয়েকটি বিদ্যালয়ে আকস্মিক পরিদর্শনকালে কর্তব্য কাজে অবহেলা ও অনিয়মতান্ত্রিক কার্যকলাপের দরুন ৭ জন শিক্ষকের বেতন বন্ধ, ১০ জনের অন্যত্র বদলি ও ১৫ জনকে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন।